

Times Today BD

এসকে সোহেল | খুলনা | 19 July, 2025

বাগেরহাটের ফকিরহাটে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) অভিযানে ১২০০ পিস ইয়াবাসহ আফরিন হামিম ওরফে তমা (৩০) নামের এক নারী মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। শুক্রবার (১৮ জুলাই) বিকেল সাড়ে পাঁচটার দিকে উপজেলার টাউন নওয়াপাড়া মোড়ে ঢাকা-খুলনা মহাসড়কে এ অভিযান চালানো হয়।

জেলা গোয়েন্দা শাখা (ডিবি) থেকে প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক শরিফুল ইসলামের নেতৃত্বে এসআই সৈকত মল্লিকসহ পুলিশের একটি টিম কালাম ফিলিং স্টেশনের সামনে অস্থায়ী চেকপোস্ট স্থাপন করে।

বিকাল ৫টা ৩৫ মিনিটে মোল্লাহাট থেকে ঢাকাগামী বেলেশ্বর পরিবহনের একটি বাসে তল্লাশি চালানো হয়। এ সময় বাসে থাকা আফরিন হামিম তমার আচরণে সন্দেহ হলে নারী পুলিশ সদস্যরা তাকে তল্লাশি করেন। তার ভ্যানিটিব্যাগ থেকে উদ্ধার করা হয় ১২০০ পিস কমলা রঙের ইয়াবা। পুলিশ জানায়, উদ্ধারকৃত ইয়াবার বাজার মূল্য প্রায় ৬ লাখ টাকা। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেপ্তার আফরিন হামিম দীর্ঘদিন ধরে বাগেরহাটসহ আশপাশের জেলায় ইয়াবা পাচারে জড়িত ছিল।

এ ঘটনায় এসআই সৈকত মল্লিক বাদী হয়ে ফকিরহাট মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় একটি মামলা দায়ের করেছেন।

ফকিরহাট মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আবদুর রাজ্জাক মীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আটক নারীকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে এবং আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

ইয়াবা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 July, 2025 01:53

URL: <https://timestodaybd.com/public/khulna/7745074988>